



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১১১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৭৬

তারিখঃ ১৪ই সেপ্টেম্বর ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তিঃ

ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার ৯টি গ্রামকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণা

আজ সকাল ১১ টায় স্থানীয় প্রশাসন, জাতীয় মানবাধিকার কমিশন ও আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা ওয়ার্ল্ড ভিশন যৌথভাবে বাংলাদেশের ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার ৯টি গ্রামকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণা করেছে। গ্রাম গুলো হলো রুদ্রপুর, ভাবকি, নালিখালী, ঈশ্বরগ্রাম, মিরপুর, হাতিল, আমোদপুর, বনকা ও সত্রাশিয়া। মুক্তাগাছায় এক অনুষ্ঠানের মধ্যে দিয়ে এ ঘোষণা দেয়া হয়। আড়ম্বরপূর্ণ এ অনুষ্ঠানে ড: কামাল উদ্দিন আহমেদ, চেয়ারম্যান, জাতীয় মানবাধিকার কমিশন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মুক্তাগাছা উপজেলার ০৯ টি গ্রামকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণা করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো: সেলিম রেজা, সার্বক্ষণিক সদস্য, জাতীয় মানবাধিকার কমিশন বাংলাদেশ, মো: মোস্তাফিজার রহমান, জেলা প্রশাসক, ময়মনসিংহ, ডা: মোহাম্মদ নজরুল ইসলাম, সিভিল সার্জন, ময়মনসিংহ, আলহাজ মো: বিল্লাল হোসেন, মেয়র, মুক্তাগাছা পৌরসভা, মো: আব্দুল মজিদ, অফিসার ইনচার্জ, মুক্তাগাছা থানা এবং সঞ্জয় মন্ডল, সিনিয়র ম্যানেজার, এডভোকেসি এন্ড জাস্টিস ফর চিল্ড্রেন, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুক্তাগাছা উপজেলা নির্বাহী অফিসার এ কে এম লুৎফর রহমান।

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ২০৩০ (এসডিজি) অনুযায়ী—শিশুর প্রতি সকল ধরনের সহিংসতা, নির্যাতন, অত্যাচার, শোষণ ও বাল্য বিবাহ বন্ধ করার লক্ষ্য নিয়ে জাতীয় মানবাধিকার কমিশন সংশ্লিষ্ট অংশীজনদের সাথে নিয়ে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায়, বাল্য বিবাহ নিরসনে ওয়ার্ল্ড ভিশনের সাথে স্বাক্ষরিত এক সমঝোতা স্মারকের অধীনে ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলার ৯টি গ্রামকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণা করা হয়েছে। উক্ত কর্মকাণ্ডের অংশ হিসেবে বাল্যবিয়ে প্রতিরোধে অন্যান্য কার্যক্রমের পাশাপাশি, উঠান বৈঠক, সভা, কর্মশালা, ক্যাম্পেইন, নাটক প্রদর্শনসহ বিভিন্ন ধরনের সচেতনতামূলক কার্যক্রম সম্পাদন করা হয়েছে। এর ফলে, উক্ত ০৯ টি গ্রামে গত এক বছরে কোন বাল্যবিয়ে হয়নি।

ভবিষ্যতেও যাতে অত্র উপজেলার উক্ত ০৯ টি গ্রামসহ অন্যান্য ইউনিয়নে বাল্য বিবাহ সংঘটিত না হয়, তার জন্য শিশু ফোরাম, যুব ফোরাম, গ্রাম উন্নয়ন কমিটি এলাকাগুলোতে উপজেলা প্রশাসন, থানা ও উপজেলা মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তরকে সম্পৃক্ত করে যৌথভাবে বাল্যবিবাহ রোধে সব ধরনের কার্যক্রম চলমান রাখতে জাতীয় মানবাধিকার কমিশন ও ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ বন্ধপরিকর।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ